
তারিখ ... 11 APR 2013 ...

দৈনিক ইনকিলাব




ইনকিলাব ঃ গতকাল শুক্রবার বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতির উদ্যোগে সিদ্ধেশ্বরী গার্লস কলেজ অডিটরিয়ামে অনুষ্ঠিত 'বাংলাদেশের উচ্চ শিক্ষার বর্তমান অবস্থা' শীর্ষক সেমিনারে উপস্থিত বক্তাগণ

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

# প্রশাসন ক্যাডারের ১৪০ জন কর্মকর্তার অপসারণের দাবীতে ২৭ এপ্রিল সমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ ৪১ জন উপসচিবসহ ১৪০ জন প্রশাসন ক্যাডারের কর্মকর্তাকে শিক্ষা সংশ্লিষ্ট অফিস হতে প্রত্যাহারের দাবীতে ২৫১টি সরকারী কলেজ, ১০টি টিচার্স ট্রেনিং কলেজ, ৩টি সরকারী আলিয়া মাদ্রাসা ও শিক্ষা সংশ্লিষ্ট অফিসে কর্মরত শিক্ষা ক্যাডার কর্মকর্তাগণ ২৭ এপ্রিল (রবিবার) ১০টায় ঢাকাস্থ শিক্ষা ভবনে সমাবেশ করবেন। এ সময়ে দাবী মানা না হলে সমাবেশে পরবর্তী বৃহত্তর কর্মসূচী ঘোষণা করা হবে। সমিতির সভাপতি অধ্যাপক মোঃ কফিল উদ্দিনের সভাপতিত্বে গতকাল (শুক্রবার) শিক্ষাবিদ ইনস্টিটিউটে কমিটির বর্ধিত সভায় উপরোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। সারাদেশ থেকে আগত কেন্দ্রীয় কমিটির কর্মকর্তা ও সদস্য, জেলা সম্পাদক ও ইউনিট সম্পাদকগণ উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, মাউশি ও নায়েমের মহাপরিচালকের পদসহ শিক্ষা ক্যাডারের বিভিন্ন শীর্ষস্থানীয় পদ দীর্ঘদিন শূন্য রাখায় শিক্ষা ক্যাডারে প্রশাসনিক শূন্যতা বিরাজ করছে। অধিদফতরকে ক্ষমতাহীন করে বদলিসহ সকল কার্যক্রম মন্ত্রণালয়ে কুক্ষিগত করা হয়েছে।

সমিতির মহাসচিব আই কে সেলিম উল্লাহ খোন্দকার বলেন, শিক্ষামন্ত্রী, শিক্ষা প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরীকে বিষয়টি অবহিত করা হয়। অথচ আজও প্রশাসনের কর্মকর্তাদের অপসারণ করা হয়নি।

সভায় বক্তব্য রাখেন নাসরিন বেগম, মাসুমে রব্বানী খান, মোঃ খালেকুজ্জামান, এস .এম শফিকুল ইসলাম, ফাহিমা খাতুন, ইফতেখার আহমেদ, মোল্লা জালাল উদ্দিন, মাহবুব আলম, আতিয়ার রহমান, আব্দুল লতিফ, মোঃ শহিদুল্লাসহ ৪১ জন কর্মকর্তা।